অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/29/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল লেক প্ল্যাসিড 2023 FISU ওয়ার্ল্ড ইউনিভার্সিটি গেমস শুরু হওয়ার ছয় মাস পূর্বে মেডেলের নকশা, সম্প্রচারের অংশীদার ও প্রতিযোগিতার সময়সূচি ঘোষণা করলেন

স্টেটের 500 মিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগ অঞ্চলের শীতকালীন ক্রীড়া অবকাঠামোর হালনাগাদকরণ ও উন্নয়ন করেছে

মেডেল গঠন করা হয়েছে আলফ্রেড ইউনিভার্সিটির ফ্যাকাল্টি ও শিক্ষার্থীদের সাথে মিলে, টেকসই-উৎস থেকে পাওয়া কাঁচ ব্যবহার করে; ছবি পাওয়া যাবে এখানে

ESPN-কে আনুষ্ঠানিক টেলিভিশন ও ডিজিটাল বিতরণকারী হিসেবে নির্বাচন করা হয়েছে; নেটওয়ার্কজুড়ে প্রায় 160 ঘণ্টার বেশি সম্প্রচার করা হবে

ইভেন্ট ও প্রতিযোগিতার সময়সূচি প্রকাশ করা হয়েছে এখানে; 1 সেপ্টেম্বর থেকে টিকেট বিক্রি শুরু

গভর্নর ক্যাথি হোকল আজকে, গেমস শুরু হওয়ার ছয় মাস পূর্বে, আসন্ন লেক প্ল্যাসিড 2023 আন্তর্জাতিক ইউনিভার্সিটি ক্রীড়া ফেডারেশন (International University Sports Federation, FISU) ওয়ার্ল্ড ইউনিভার্সিটি গেমসের নতুন মেডেলের নকশা এবং প্রতিযোগিতার সময়সূচি ঘোষণা করলেন। গেমস নর্থ কান্ট্রি এবং আশেপাশের অঞ্চলে অলিম্পিক আঞ্চলিক বিকাশ কর্তৃপক্ষের (Olympic Regional Development Authority, ORDA) ক্রীড়া ভেন্যু ও ফ্যাসিলিটিসমূহের হালনাগাদকরণের জন্য স্টেট প্রদত্ত 500 মিলিয়ন মার্কিন ডলারের বেশি তহবিলের প্রতিশ্রুতি ব্যবহার করবে। পাশাপাশি, গভর্নর হোকল ঘোষণা করেন যে, ESPN-কে আনুষ্ঠানিক টেলিভিশন ও ডিজিটাল বিতরণকারী হিসেবে ঘোষণা করা হয়েছে, এবং 1সেপ্টেম্বর থেকে টিকেট বিক্রি শুরু হবে।

"মাত্র ছয় মাস পরেই, নিউ ইয়র্ক বিশ্বকে 2023 FISU ওয়ার্ল্ড ইউনিভার্সিটি গেমসের (2023 FISU World University Games) জন্য লেক প্ল্যাসিডে আরেকবার স্বাগত জানাবে," **গভর্নর হোকল বলেন।** "ক্রীড়া অবকাঠামো হালনাগাদকরণের জন্য 500 মিলিয়ন মার্কিন ডলার, আলফ্রেড ইউনিভার্সিটির (Alfred University) শিক্ষার্থী ও ফ্যাকাল্টির নকশা করা আমাদের সুন্দর মেডেল, এবং ESPN–র সাথে একটি অংশীদারিত্বের কল্যাণে, এই গেমস এখন পর্যন্ত

সেরা গেমস হওয়ার এবং আঞ্চলিক অর্থনীতির জন্য একটি বিশাল লাভ হওয়ার প্রতিশ্রুতি প্রদর্শন করছে। স্থানীয় নেতৃবৃন্দ, ব্যবসা, এবং মাসকট অ্যাডিরন্ড্যাক ম্যাককে নিয়ে, আমি আমাদের বাড়ির মাঠে বিশ্বের সকল স্থানের অ্যাথলেট ও দর্শকদের আতিথেয়তা করার জন্য অধীর আগ্রহে অপেক্ষা করছি।"

লেক প্ল্যাসিড 2023 FISU ওয়ার্ল্ড ইউনিভার্সিটি গেমস হলো 11 দিনের একাধিক শীতকালীন ক্রীড়া এবং শিক্ষামূলক উৎসব, যা 2023 সালের 12 জানুয়ারি থেকে 22 জানুয়ারিতে অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে, যেখানে 50টি দেশের 600টির বেশি ইউনিভার্সিটি থেকে 2,500 কলেজিয়েট অ্যাথলেট এবং প্রতিনিধিদল আসবে, যারা 12টি শীতকালীন ক্রীড়া ও 86টি ইভেন্টে প্রতিযোগিতা করবে। গেমসের মেডেল আলফ্রেড ইউনিভার্সিটির নিউ ইয়র্ক স্টেট সিরামিক্স কলেজের (New York State College of Ceramics) ফ্যাকাল্টি ও শিক্ষার্থীদের সাথে মিলে গঠন। ইউনিভার্সিটি এবং এর গ্লাস ইনোভেশন সেন্টার (Center for Glass Innovation) এবং ইন্যামোরি ইঞ্জিনিয়ারিং স্কুল (Inamori School of Engineering) সেইন্ট লরেন্স কাউন্টির পটসড্যাম থেকে রিসাইকেলকৃত কাঁচ ব্যবহার করেছে এমন একটি কাঁচের ইন্সার্ট গঠন করতে যা স্টেটের উদ্ভাবনী কাঁচ প্রযুক্তির ইতিহাসকে ব্যবহার করে। কাঁচে খোদাই করা লোগোটি গেমসের কেন্দ্রীয় মনোযোগ, কলেজিয়েট অ্যাথলেটদের, প্রতীকস্বরূপ এবং এটি নকশায় আরেক পর্যায়ের মাত্রা যোগ করে। মেডেলের ছবি পাওয়া যাবে এখানে।

এছাড়াও গভর্নর হোকল গেমসের আনুষ্ঠানিক প্রতিযোগিতার সময়সূচি প্রকাশ করেছেন যা পাওয়া যাবে এখানে। সময়সূচিতে 12টি ক্রীড়ার ইভেন্টগুলির জন্য এবং একই সাথে উদ্বোধনী ও সমাপনীর মতো মুখ্য মাইলফলকগুলির তারিখ ও সময় এবং স্থান দেওয়া আছে।

পাশাপাশি, গভর্নর ঘোষণা করেছেন যে ESPN-কে লেক প্ল্যাসিড 2023 FISU ওয়ার্ল্ড ইউনিভার্সিটি গেমসের আনুষ্ঠানিক টেলিভিশন ও ডিজিটাল বিতরণকারী হিসেবে ঘোষণা করা হয়েছে। চুক্তির অধীনে, ESPN+ 11 দিনের ইভেন্ট চলাকালীন প্রায় 140 ঘণ্টার অনুষ্ঠান সম্প্রচার করবে, এবং ESPN2 ও ESPNU নেটওয়ার্কে 20 ঘণ্টার বেশি সম্প্রচার করা হবে। ESPN-র লেক প্ল্যাসিড 2023 FISU ওয়ার্ল্ড ইউনিভার্সিটি গেমসের প্রধান আকর্ষণ হবে উদ্বোধনী অনুষ্ঠান (Opening Ceremony), তার সাথে থাকবে স্নোবোর্ড ক্রস, স্পিড স্কেটিং, ফিগার স্কেটিং লং প্রোগ্রাম, এবং নারী ও পুরুষের আইস হকির জন্য স্বর্ণপদক ম্যাচআপের মতো বিভিন্ন প্রতিযোগিতামূলক ইভেন্ট। TSN কানাডার গৃহস্থালিগুলিতে অতিরিক্ত অনুষ্ঠান সম্প্রচার করবে।

অলিম্পিক আঞ্চলিক বিকাশ কর্তৃপক্ষের প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা বলেন, "আমাদের অলিম্পিক অবকাঠামো দ্রুতই বিশ্বের সকল স্থানের কলেজ ও ইউনিভার্সিটির অ্যাথলেটদের আতিথেয়তা করবে। আগ্রহ বেড়ে চলেছে, এবং ক্রীড়া বিশ্বে আমাদের অবস্থান উপরে উঠছে। ORDA ভেন্যুসমূহ ক্রমবর্ধমানভাবে মূল্যবান সম্পদ যা আগামী অনেক দশকের জন্য অসাধারণ ফলাফল নিয়ে আসবে।"

গত ছয় বছর ধরে, নিউ ইয়র্ক স্টেট ORDA-র অত্যাধুনিক প্রশিক্ষণ ও প্রতিযোগিতার ফ্যাসিলিটিসমূহে উল্লেখযোগ্য বিনিয়োগ করেছে, যার মধ্যে রয়েছে অ্যাডিরন্ড্যাক ও ক্যাটস্কিল

মাউন্টেইনসের ORDA ভেন্যুসমূহের জন্য 500 মিলিয়ন মার্কিন ডলার। এই বিনিয়োগসমূহের ফলাফল হিসেবে, ORDA ফ্যাসিলিটিসমূহ সারা বছর ইভেন্ট, অ্যাথলেটদের প্রশিক্ষণ এবং বিনোদনের জন্য খোলা থাকবে। ORDA ভেন্যুসমূহ স্থানীয়, আঞ্চলিক, জাতীয় ও আন্তর্জাতিক ইভেন্ট আয়োজন করে, যার মধ্যে রয়েছে FISU ওয়ার্ল্ড ইউনিভার্সিটি গেমস, যার পরবর্তীতে 2023 সালের মার্চে এখানে সিঙ্ক্রোনাইজড ফিগার স্কেটিং ওয়ার্ল্ড চ্যাম্পিয়নশিপস (Synchronized Figure Skating World Championships) এবং 2025 সালের ফেব্রুয়ারি মাসে ববস্লেড স্কেলেটন ওয়ার্ল্ড চ্যাম্পিয়নশিপ (Bobsled Skeleton World Championships) আয়োজিত হবে।

এছাড়াও স্টেট নর্থ কান্ট্রি এলাকাজুড়ে শীতকালীন ক্রীড়া অবকাঠামোতে ব্যাপক বিনিয়োগ করেছে। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD) একটি 4.5 মিলিয়ন মার্কিন ডলারের আপস্টেট পুনরুজ্জীবিতকরণ উদ্যোগ অনুদান দিয়ে ফ্র্যাঙ্কলিন কমিউনিটির সারানাক লেক সিভিক সেন্টারের (Saranac Lake Civic Center) হালনাগাদকরণ সমর্থন করছে, এই ফ্যাসিলিটিটির গেমসের কার্লিং ইভেন্টসমূহ আয়োজন করার কথা রয়েছে। ESD-র অন্যান্য বিনিয়োগসমূহের মধ্যে রয়েছে অ্যাডিরন্ড্যাক হেলথের (Adirondack Health) লেক প্ল্যাসিড স্বাস্থ্য ও মেডিকেল ফিটনেস কেন্দ্র (Lake Placid Health and Medical Fitness Center), সারানাক ওয়াটারফ্রন্ট লজ (Saranac Waterfront Lodge), এবং হোটেল সারানাক (Hotel Saranac)।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হোপ নাইট বলেন, "FISU ওয়ার্ল্ড ইউনিভার্সিটি গেমস বিশ্বের দর্শকদের সামনে লেক প্ল্যাসিড এবং আশেপাশের নর্থ কান্ট্রি সম্প্রদায়সমূহকে তুলে ধরবে। গেমসের সফলতার জন্য এবং অঞ্চলটিকে একটি শীতকালীন ক্রীড়া গন্তব্য হিসেবে আরো প্রচার করার জন্য অঞ্চলের পর্যটন ও প্রতিযোগিতামূলক ক্রীড়া অবকাঠামোর সমর্থন ও বিকাশে স্টেটের কৌশলগত বিনিয়োগ অতি গুরুত্বপূর্ণ।"

অ্যাডিরন্ড্যাক নর্থ কান্ট্রি ক্রীড়া পরিষদের (Adirondack North Country Sports Council) নির্বাহী পরিচালক অ্যাশলি ওয়াল্ডেন বলেন, "আমরা আলফ্রেড ইউনিভার্সিটির প্রযুক্তি ও দক্ষতা ব্যবহার করার জন্য উৎসুক হয়ে আছি। কাঁচের ইন্সার্টটি এখন পর্যন্ত সবথেকে টেকসই FISU গেমস আয়োজন করতে আমাদের অঙ্গীকারের আরেকটি প্রদর্শনী, যা সেভ উইন্টার উদ্যোগের একটি অবিচ্ছেদ্য অংশ।"

ESPN-র প্রোগ্রামিং ও অ্যাকুইজিশনের সিনিয়র পরিচালক ড্যান মারগুলিস বলেন, "FISU ওয়ার্ল্ড ইউনিভার্সিটি গেমস বিশ্বমানের শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা আয়োজন করার ব্যাপারে লেক প্ল্যাসিডের সমৃদ্ধ ইতিহাসে নতুন সংযোজন করবে, এবং ESPN এই ইভেন্টগুলি এবং বিশ্বের সকল স্থান থেকে অংশগ্রহণ করতে আসা হাজার হাজার কলেজিয়েট অ্যাথলেটদের দেখাতে পেরে অত্যন্ত খুশি।"

স্টেটের সিনেটর ড্যান স্টেক বলেন, "আগামী বছরের ওয়ার্ল্ড ইউনিভার্সিটি গেমস আন্তর্জাতিক অ্যাথলেট ও দর্শকদের লেক প্ল্যাসিডে ফেরত নিয়ে আসবে। বরাদ্দকৃত স্টেট

তহবিল নিশ্চিত করবে যে আমাদের ক্রীড়া ভেন্যু ও আশেপাশের এলাকাগুলি যাতে নিজেদের সেরা অবস্থায় থাকে এবং আগামী বছর আগত দর্শক এবং ESPN-এ যারা গেমস দেখতে তাদের কাছে নিজেদের অনন্য গুণ ও চারুতা তুলে ধরতে পারবে।"

অ্যাসেম্বলি সদস্য বিলি জোনস বলেন, "বিশ্বাস করা কঠিন যে FISU ওয়ার্ল্ড ইউনিভার্সিটি গেমস আর মাত্র ছয় মাস পরে, স্টেট ও স্থানীয় নেতৃবৃন্দের বহু বছরের প্রস্তুতি ও সহযোগিতা এই মুহূর্তকে সম্ভব করেছে। ইভেন্টটি ORDA ফ্যাসিলিটিগুলির এবং সারানাক লেক সিভিক সেন্টারের সাম্প্রতিক উন্নয়নসমূহকে তুলে ধরবে এবং অ্যাডিরন্ড্যাক অঞ্চলের সৌন্দর্য এবং আমাদের স্থানীয় ব্যবসা সম্প্রদায়ে কী কী আছে তার সাথে দর্শকদের পরিচয় করিয়ে দিবে। আজকের ঘোষণা যে ESPN গেমসকে সম্প্রচার করবে একটি দারুণ খবর এবং এর অর্থ হলো বিশ্বের আরো বেশি মানুষ এখন দেখবে কেন আমরা এই জায়গাটিকে নিজেদের বাড়ি বলতে পেরে এতো গর্বিত।"

অ্যাসেম্বলি সদস্য ম্যাথু সিম্পসন বলেন, "নর্থ কান্ট্রি আসন্ন FISU ওয়ার্ল্ড ইউনিভার্সিটি গেমস আয়োজন করার জন্য আগ্রহ ও উৎসাহ নিয়ে অপেক্ষা করছে। এমন দুর্দান্ত একটি ইভেন্ট আয়োজনের জন্য এর থেকে ভালো জায়গা হতে পারে না এবং শীঘ্রই বিশ্বের সকল স্থানের অ্যাথলেটরা দেখবে অ্যাডিরন্ড্যাকের আড়ম্বরের বাস্তব রূপ। 1980 সালের অলিম্পিকের পর থেকে আমরা এমন বৈশ্বিক ইভেন্ট আয়োজনের সুযোগ পাইনি এবং আমরা নিউ ইয়র্কের বিশেষত্ব তুলে ধরার জন্য লাল গালিচা সাজিয়ে প্রস্তুত আছি।"

লেক প্ল্যাসিডের মেয়র আর্ট ডেভলিন বলেন, "FISU ওয়ার্ল্ড ইউনিভার্সিটি গেমসের আয়োজন করা আমাদেরকে অলিম্পিক গ্রামের অবকাঠামো উন্নয়ন করতেও গতিবেগ প্রদান করেছে, যার মধ্যে রয়েছে ওয়াটার মেইন, সাইডওয়াক এবং সড়ক। গেমসের উচ্চ পর্যায়ের প্রতিযোগিতা এবং শিক্ষামূলক ও সাংস্কৃতিক ইভেন্টসমূহ 1932 ও 1980 সালের শীতকালীন অলিম্পিকসের (Winter Olympics) প্রসিদ্ধ ইতিহাসকে আরেকবার প্রজ্বলিত করবে এবং একইসাথে বিশ্বের দর্শকদের কাছে ORDA-র ভেন্যুসমূহকে তুলে ধরবে।"

নর্থ এলবা টাউন সুপারভাইজার ডেরেক ডটি বলেন, "অঞ্চলে বিনিয়োগ স্টেটকে শীতকালীন বিনোদন ও ভ্রমণের জন্য, আরো বড় ক্রীড়া ইভেন্ট আকৃষ্ট করার জন্য, এবং পুরো বছরের ব্যবসা চালনা ও এলাকার অর্থনৈতিক প্রভাবের জন্য আরো প্রতিযোগিতামূলক করে তুলে। FISU ওয়ার্ল্ড ইউনিভার্সিটি গেমস নর্থ কান্ট্রি ও আমাদের অঞ্চলজুড়ে আগ্রহ তৈরি করবে, এবং এর প্রভাব ইতিমধ্যে এমন লাভ এনেছে যা আগামী অনেক বছরের জন্য টিকে থাকবে।"

FISU-র ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট লিওনজ এডার বলেন, "আমরা মাত্র কয়েক মাস দূরে থাকা FISU গেমসের ব্যাপারে উৎসুক হয়ে আছি এবং আমি এটি ঘোষণা করতে পেরে খুশি যে প্রস্তুতি শুরু হয়েছে। আমি আয়োজক অংশীদারদের এবং নিউ ইয়র্ক স্টেটকে তাদের চলমান কঠোর পরিশ্রম ও নিবেদনের জন্য ধন্যবাদ জানাতে চাই, তাদের ছাড়া এই ইভেন্ট সম্ভব হতো না। 2023 সালের জানুয়ারিতে বিশ্বকে স্বাগত জানানোর জন্য সবকিছু প্রস্তুত রাখা নিশ্চিত করতে চূড়ান্ত কাজ করে রাখার জন্য আগামী মাসগুলি খুবই গুরুত্বপূর্ণ।"

ভক্তরা ফেসবুক, ইনস্টাগ্রাম এবং টুইটারে @lakeplacid2023 ও #lakeplacid2023 এর সাথে গেমসের অনুসরণ করতে পারবে। লেক প্ল্যাসিড 2023 FISU ওয়ার্ল্ড ইউনিভার্সিটি গেমসের ব্যাপারে আরো তথ্যের জন্য, ভিজিট করুন www.lakeplacid2023.com।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন